# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 04-03-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ -

১) সংশোধিত নাগরিকত্ব আইন (CAA) এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে।

২) ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অব ইন্ডিয়া রাজ্যের মোট ২১টি জেলায় নতুন আধার সেবাকেন্দ্র চালু করতে চলেছে।

৩) ভারতীয় উড়ান সংস্থা পশ্চিম এশিয়ায় আটকেপড়া নাগরিকদের উদ্ধারে আজ ৫৮-টি বিশেষ বিমান চালাচ্ছে।

৪) সারা দেশের সঙ্গেই এরাজ্যও আজ রং-এর উৎসব হোলি উদযাপিত হচ্ছে।

৫) রাজ্যে আগামী ৮ তারিখ থেকে কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা।

৬) ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

oooooooooooooooooooooooooo

সংশোধিত নাগরিকত্ব আইন (CAA) এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের এক গেজেট বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কমিটির নেতৃত্বে থাকবেন ডেপুটি সেক্রেটারি বা তার উর্ধ্বতন পদমর্যাদার কোনো আধিকারিক। এই আধিকারিককে মনোনীত করবেন ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার। বিপুল সংখ্যক আবেদনের দ্রুত নিষ্পত্তির জন্য দুটি অতিরিক্ত প্যানেল গঠনেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই এধরনের দুটি কমিটি রয়েছে।

আগেই জানানো হয়েছে, সংশোধিত নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর আওতায় পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ থেকে আসা হিন্দু, শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি ধর্মাবলম্বীদের নাগরিকত্ব প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ২০১৪ এর ৩১ শে ডিসেম্বরের আগে যারা নিজেদের দেশে ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় ভারতে এসেছিলেন তারাই এর আওতায় পড়বেন।

সিএএতে আবেদন করে অবশেষে ভারতীয় নাগরিকত্ব পেলেন মালদার গাজোলের শংকরপুর এলাকার মহেন্দ্রকুমার সিংহ ও তাঁর স্ত্রী আরতি সিংহ। ধর্মীয় কারণে বাংলাদেশ থেকে ১৯৯৩ সালে বিতাড়িত হয়ে এদেশে আশ্রয় নিয়েছিলেন তাঁরা। অনেক চেষ্টা করেও এতদিন তাঁরা ভারতীয় নাগরিকত্ব পাননি। ছিল না ভোটার কার্ড। ভারতীয় নাগরিকত্ব পেতে অবশেষে মাস তিনেক আগে তাঁরা সিএএতে আবেদন জানান। দোলযাত্রার দিন বাড়ি গিয়ে তাঁদের হাতে সিএএ শংসাপত্র তুলে দিয়েছেন স্থানীয় বিধায়ক চিন্ময় দেববর্মন। এত বছর পর ভারতীয় নাগরিকত্ব হাতে পাওয়ায় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে অকুণ্ঠ ধন্যবাদ জানিয়েছেন সিংহ দম্পতি।

oooooooooooooooooooooo

ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অব ইন্ডিয়া বা ইউআইডিএআই রাজ্যের মোট ২১টি জেলায় নতুন আধার সেবাকেন্দ্রগুলি চালু করবে। বর্তমানে আটটি জেলায় এই সেবা কেন্দ্র রয়েছে। আরও ২১টি জেলায় এই সেবাকেন্দ্রগুলি চালু করা হচ্ছে।

কেন্দ্রীয় সংস্থাটির চিফ একজিকিউটিভ অফিসার ভুবনেশ কুমার জানিয়েছেন, সেবাকেন্দ্রের সংখ্যা বাড়লে রাজ্যের মানুষ আরও দ্রুত ও সুষ্ঠুভাবে আধার সংক্রান্ত পরিষেবা পেতে পারবেন। এই কেন্দ্রগুলিতে আধার আপডেট, নাম সংশোধন, বায়োমেট্রিক আপডেট সহ বিভিন্ন পরিষেবা এক জায়গায় পাওয়া যাবে।

উল্লেখ্য, আধার সেবাকেন্দ্রগুলিতে একসঙ্গে বহু মানুষ পরিষেবা পান। ফলে ভীড় সামলানো এবং দ্রুত আধার কার্ড সংক্রান্ত কাজ মেটাতে এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

রাজ্য পুলিশের অ্যাকাডেমিক এবং প্রশিক্ষণ পরিকাঠামো উন্নত করার লক্ষ্যে বারাকপুরে স্বামী বিবেকানন্দ রাজ্য পুলিশ অ্যাকাডেমিতে (এসভিএসপিএ) একটি আধুনিক প্রযুক্তি সম্পন্ন পাবলিক লাইব্রেরি তৈরির উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। প্রস্তাবিত এই সুবিধাটি পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী পেশাদারদের অ্যাকাডেমিক ও প্রশিক্ষণের চাহিদা পূরণের লক্ষ্যে কাজ করবে। পাশাপাশি ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষের জন্যও নিয়ন্ত্রিত প্রবেশাধিকার রাখা হবে। পরিকল্পনা অনুযায়ী, গ্রন্থাগারটি ডেস্কটপ কম্পিউটার ও ল্যাপটপ, স্ক্যানিং এবং ফটোকপি পরিষেবা এবং একটি বারকোড-ভিত্তিক ডিজিটাল ব্যবস্থাপনা ও ক্যাটালগ সিস্টেম দিয়ে সজ্জিত থাকবে। এছাড়াও একটি নির্দিষ্ট ল্যান এবং ওয়াই-ফাই নেটওয়ার্কের মাধ্যমে অনলাইন ডাটাবেস ব্যবহারের সুবিধা থাকবে বলে জানানো হয়েছে।

প্রকল্পের অংশ হিসেবে গ্রন্থাগারে আইন, অপরাধবিজ্ঞান, পুলিশ প্রশাসন, সাইবার সিকিউরিটি এবং তদন্ত পদ্ধতি সংক্রান্ত বিভিন্ন রেফারেন্স বই ও ডিজিটাল রিসোর্স রাখা হবে। এতে পুলিশ কর্মীদের প্রশিক্ষণ ও গবেষণামূলক কাজ আরও সহজ হবে বলে মনে করছে প্রশাসন। পাশাপাশি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্ঞানভিত্তিক পুলিশিংকে আরও শক্তিশালী করার লক্ষ্যও নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইএসআই-ভুক্ত শ্রমিক ও তাঁদের পরিবারের প্রাথমিক চিকিৎসা পরিষেবা আরও মজবুত করতে রাজ্য সরকার, জেলাশহরগুলিতে বেসরকারি ক্লিনিক ও স্বাস্থ্যসংস্থাকে যুক্ত করে সার্ভিস ডিসপেনসারি চালুর পরিকল্পনা নিয়েছে। শ্রম দফতর সূত্রে জানা গেছে, রাজ্যের ১৩টি জেলা সদর দফতরে এই সার্ভিস ডিসপেনসারি খোলার প্রস্তাব দেওয়া হয়েছে। এগুলি হল— আলিপুরদুয়ার, বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, মালদহ, মুর্শিদাবাদ, পুরুলিয়া, ঝাড়গ্রাম, কালিম্পং, দুই মেদিনীপুর ও দুই দিনাজপুর। প্রতিটি ডিসপেনসারিতে শুধুমাত্র ইএসআই-ভুক্ত উপভোক্তারাই পরিষেবা পাবেন। থাকবে আউটডোর চিকিৎসা, রাজ্যের পক্ষ থেকে পাঠানো ওষুধ বিতরণ এবং ইএসআই পরিষেবা পাওয়ার জন্য প্রয়োজনীয় মেডিক্যাল সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় চলতি উত্তেজনার ফলে আটকেপড়া ভারতীয় নাগরিকদের উদ্ধার করতে ইন্ডিয়ার এয়ারলায়েন্স আজ ভারত ও উপসাগরীয় অঞ্চলের মধ্যে ৫৮-টি বিশেষ বিমান চালানোর সিদ্ধান্ত নিয়েছে। অসামরিক উড়ান চলাচল মহা নির্দেশনালয় এক বিবৃতিতে জানিয়েছে, এই ৫৮-টি বিমানের মধ্যে ৩০-টি ইন্ডিগো এবং ২৩-টি বিমান চালাবে এয়ার ইন্ডিয়া। বাকি এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের তরফে চালানো হবে।

পশ্চিম এশিয়ায় আকাশপথে উদ্ভূত পরিস্থিতি এবং আন্তর্জাতিক বিমান চলাচলের ওপর তার কি প্রভাব পড়বে, মন্ত্রক নিরন্তর নজর রাখছে। আজ পর্যন্ত ১ হাজার ২-শো ২১-টি ভারতীয় এবং ৩৮৮-টি আন্তর্জাতিক বিমান চলাচল বাতিল হয়েছে।

এদিকে, ইরান লক্ষ্য করে মার্কিন ও ইজরায়েল হানার আজ পঞ্চম দিন। আমেরিকার এক মানবাধিকার সংবাদসংস্থা HRANA জানিয়েছে, ২৮-শে ফেব্রুয়ারী থেকে আজ পর্যন্ত

ইরানে ১ হাজার ৯৭ জন নাগরিক প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে ১৮১ জন ১০ বছরের নীচে শিশু। আহতের সংখ্যা ৫ হাজার ৪-শো ছাড়িয়েছে। গত ২৪ ঘণ্টায় কম করেও ১০৪ বার আঘাত হেনেছে ইজরায়েল ও মার্কিন সেনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

আজ রং-এর উৎসব হোলি। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্য তথা দেশের বিভিন্ন অংশে পালিত হচ্ছে রং-এর এই উৎসব। শ্রীকৃষ্ণের জন্মস্থান মথুরা এবং তাঁর লীলাক্ষেত্র বৃন্দাবনে, হোলি উৎসবে সামিল হতে দেশের নানা প্রান্ত এবং বিদেশ থেকে বহু ভক্ত ভিড় জমিয়েছেন। দোলযাত্রা উপলক্ষ্যে গতকাল অনেক জায়গায় আয়োজন করা হয় নগর সংকীর্তন ও বসন্ত উৎসবের।

মালদা জেলায় দুদিনের দোল উৎসবে গতকাল ছিল দেব দোল। আজ সাধারণ মানুষের দোলে কচিকাঁচা থেকে বড়রা সবাই মেতেছে রঙের উৎসবে।

৫০০ বছরের বেশী প্রাচীন পূর্ব বর্ধমানের পূর্বস্থলী এক নম্বর ব্লকের দোগাছিয়ায় ঐতিহ্যবাহী চারদিনের দোলা উৎসবকে কেন্দ্র করে বসেছে মেলা। মেলার অন্যতম আকর্ষণ বিরাট আকারের মিষ্টি। ছ-সাত কেজী ওজনের এই মিষ্টির দাম ২'হাজার টাকা পর্যন্ত। মেলায় হচ্ছে নানা সাংস্কৃতিক উৎসব'ও।

নদীয়ার নবদ্বীপ ও মায়াপুরে দোল পূর্ণিমায় গতকাল শ্রীচৈতন্য মহাপ্রভু-র আবির্ভাব দিবস উদযাপিত হয়। এই উপলক্ষে এক মাসব্যাপী ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। জেলার কল্যাণী-র ঘোষপাড়ায় বসেছে ঐতিহ্যবাহী সতীমার মেলা।

০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমানে আজ পালিত হচ্ছে দোল। গতকাল দেবতাদের রং উৎসর্গ করার পর আজ বর্ধমানবাসী এই দিনটি পালন করছে। বর্ধমানে রাজ আমল থেকেই এই প্রথা চলে আসছে। সকল বয়সের মানুষ এই আনন্দোৎসবে অংশ নিয়েছেন।

oooooooooooooooooooo

দোলের দিন গতকাল অভব্য আচরণ ও মত্ত অবস্থায় ঘোরাফেরার অভিযোগে কলকাতা পুলিশ তাদের দশটি ডিভিশনের বিভিন্ন থানা এলাকা থেকে ৩৩০ জনকে গ্রেপ্তার করেছে। পাশাপাশি ২৫ লিটার মদ বাজেয়াপ্ত করা হয়েছে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে। এই দিকে গতকালের মতো আজও হোলিতে শহরে নজরদারির জন্য ছোট বড় মিলিয়ে ৩৯০ টি পুলিশ পিকেট রয়েছে। গঙ্গার ঘাট গুলিতে চলছে বিপর্যয় ব্যবস্থাপন দপ্তরের বিশেষ নজরদারি।

ooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনায় দোল খেলা শেষ করে গতকাল গঙ্গাস্নান করতে নেমে জলে ডুবে চার জনের মৃত্যু হয়েছে। দুই যুবক সৈকত নন্দী ও সৌরভ নন্দী এবং এক যুবতী দীপশিখা দাস রজক প্রথমে ভাটপাড়া বলরাম সরকার গঙ্গার ঘাটে স্নান করতে নামলে আচমকা জলে তলিয়ে যায়। সৌরভ সরকার নামে এক যুবক তাদের বাঁচাতে গেলে, তিনিও ডুবে যান। উদ্ধারকারী দল পৌঁছলেও, এখনো পর্যন্ত কেউ উদ্ধার হয়নি। এই ঘটনায় ভাটপাড়া এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে একাধিক জেলা থেকে অস্ত্রশস্ত্রও, বোমা এবং জাল নোট উদ্ধার হয়েছে।

মুর্শিদাবাদের সামশেরগঞ্জের নতুন জালাদিপুরের পিলকি এলাকায়, ১২ নম্বর জাতীয় সড়ক লাগোয়া একটি কাঠ চেরাই মিল সংলগ্ন বাগান থেকে বালতি ভর্তি তাজা বোমা উদ্ধার হয়। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

সামসেরগঞ্জ থানার পুলিশ এবং বম্ব স্কোয়াড ঘটনাস্থলে পৌঁছে বোমাগুলি নিষ্ক্রিয় করে। তবে বোমা মজুত রাখার সঙ্গে জড়িত কাউকে এখনও পর্যন্ত গ্রেপ্তার করা যায়নি।

মালদায় উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র এবং জাল নোট। গত রাতে চাঁচোল থানার পুলিশ আব্দুল বারেক নামে এক যুবকের বাড়ি থেকে ৫ লক্ষ টাকার জাল নোট উদ্ধার করে।

অন্য এক অভিযানে গোলাম রাব্বানী এবং মিজানুর রহমান নামে দুই অস্ত্র ব্যাবসায়িকে গ্রেফতার করে তারা। উদ্ধার হয় চারটি আগ্নেয়াস্ত্র এবং পাঁচ রাউন্ড কার্তুজ।

দক্ষিণ ২৪ পরগনার মৈপিট কোস্টাল থানার পুলিশ অস্ত্রসহ দুই দুষ্কৃতীকে গ্রেফতার করেছে। মঙ্গলবার রাতে মৈপিটের ভুবনেশ্বরী এলাকায় গরু চুরির উদ্দেশ্যে একদল দুষ্কৃতী জড়ো হয় বলে পুলিশ সূত্রে খবর। পুলিশ দু'জনকে গ্রেপ্তার করলেও বাকিরা পালিয়ে যায়। ধৃতদের কাছ থেকে একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড কার্তুজ উদ্ধার করা হয়েছে। ঘটনাস্থল থেকে একটি পিকআপ ভ্যানও আটক করেছে পুলিশ। পলাতকদের খোঁজে তল্লাশি চলছে। ধৃতদের নাম দুরন্ত হালদার, এবং তামরেজ শেখ। তাদের বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হচ্ছে।

oooooooooooooooooo

রাজ্যে আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা

হয়েছে ২০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস , স্বাভাবিকের চেয়ে কিছুটা কম। তবে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প প্রবেশের পরিমাণ বৃদ্ধি এবং একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হওয়ার সম্ভাবনা থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী ৮ তারিখ থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।।

(বাইট- সৌরিশ)

উত্তরবঙ্গেও  আগামী চার দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে তবে শনিবার থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

ইডেনে সেমি ফাইনাল ম্যাচ দেখতে আসা ক্রিকেট প্রেমীদের জন্য কলকাতা মেট্রোর ব্লু লাইনে আজ Esplanade - দক্ষিণেশ্বর এবং Esplanade - শহীদ ক্ষুদিরাম এর মধ্যে বিশেষ মেট্রো পরিষেবা দেওয়া হবে। এজন্য Esplanade Metro স্টেশনে বুকিং কাউন্টার খোলা থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট বডিবিল্ডার, জাতীয় প্রশিক্ষক ও বিচারক রমা প্রসাদ মুখার্জী গতকাল পুরুলিয়ায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। জন্ম অবিভক্ত মেদিনীপুরে।

পরিশ্রম, কঠোর অনুশীলন এবং সংগঠক হিসেবে দূরদর্শিতার জোরে তিনি শুধু বাংলায় নয়, আন্তর্জাতিক স্তরেও নিজের পরিচিতি গড়ে তুলেছিলেন। লি হেনির (Lee Haney) মতন মিস্টার ইউনিভার্স খেতাব জয়ী বডি বিল্ডারদের সঙ্গেও তিনি প্রতিযোগিতায় অংশ নিয়েছেন। তাঁর মৃত্যুতে ক্রীড়া মহলে নেমে এসেছে শোকের ছায়া।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo